

ত্রিপুরা সরকার
ধর্মীয় সংখ্যালঘু কল্যাণ দপ্তর

ধর্মীয় সংখ্যালঘু ছাত্র ছাত্রীদের জন্য মাধ্যমিকোত্তর বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

কেন্দ্রীয় সরকারের সংখ্যালঘু কল্যাণ মন্ত্রক সংখ্যালঘু ছাত্র ছাত্রীদের জন্য মাধ্যমিকোত্তর বৃত্তি প্রদান প্রকল্প রূপায়ন করার সিদ্ধান্ত নিয়েছে। যে সমস্ত সংখ্যালঘু ছাত্র/ছাত্রী একাদশ শ্রেণী থেকে পি. এইচ. ডি এবং কারিগরী ও পেশাগত প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণ করছে তারা এই প্রকল্পের আওতায় আসবে। এই প্রকল্পে ছাত্র/ছাত্রী দিগকে অবশ্যই বিগত পরীক্ষায় ৫০ শতাংশের উপর নম্বর পেতে হবে এবং পরিবারের বার্ষিক আয় ২ লক্ষ টাকার নীচে হতে হবে।

আগামী ৩১. ০৮. ২০০৮ ইং এর মধ্যে দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে। বিস্তারিত তথ্য জানার জন্য এবং দরখাস্তের ফর্ম নেওয়ার জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তর, গোর্খাবস্তীতে যোগাযোগ করা যেতে পারে।

২০০৭-০৮ শিক্ষাবর্ষে উক্ত প্রকল্পে বৃত্তি পাওয়ার জন্য মনোনীত ছাত্র/ছাত্রী দিগকে, পুনর্নবীকরণের (Renewal) জন্য পুনরায় দরখাস্ত জমা দিতে হবে।

স্বাক্ষর
(শান্তনু)
অধিকর্তা

ধর্মীয় সংখ্যা লঘু কল্যাণ দপ্তর,
গোর্খাবস্তী, :: আগরতলা :: ত্রিপুরা।